NOTICE_MAS_PROFE_2019-20_NEW

# জাতীয় বিশ্ববিদ্যালয়

স্মারক নং- ১৬(৭৬৯)জাতীঃবিঃ/রেজিঃ/অ্যাকা:/প্রফেশনাল ভর্তি/২০১৯-২০২০/ ৪৪৮৭

তারিখ ঃ১৮/০৮/২০১৯

## ২০১৯-২০২০ শিক্ষাবর্ষে মাস্টার্স (প্রফেশনাল) ভর্তি কার্যক্রমে ২য় পর্যায়ে প্রাথমিক আবেদন ও কলেজ কর্তৃক অনলাইনে প্রাথমিক আবেদন ফরম নিশ্চয়ন সম্পর্কিত জরুরি বিজ্ঞপ্তি

জাতীয় বিশ্ববিদ্যালয়ের ২০১৯-২০২০ শিক্ষাবর্ষে মাস্টার্স (প্রফেশনাল) ভর্তি কার্যক্রমে এলএলবি ১ম পর্ব/পোষ্ট গ্রাজুয়েট ডিপ্লোমা ইন জার্নালিজম/পোষ্ট গ্রাজুয়েট ডিপ্লোমা ইন লাইব্রেরী এন্ড ইনফরমেশন সায়েন্স/এমএসসি ইন কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং/মাস্টার অব বিজনেস্ এ্যাডমিনিস্ট্রেশন (এমবিএ)/এমবিএ ইন অ্যাপারেল মার্চেন্ডাইজিং কোর্সসমূহে ২য় পর্যায়ের অনলাইন প্রাথমিক আবেদন ২০ আগস্ট বিকাল ৪টা থেকে শুরু হয়ে ২২ আগস্ট ২০১৯ তারিখ বিকাল ৪টা পর্যন্ত চলবে। জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি বিষয়ক ওয়েবসাইট থেকে আগ্রহী প্রার্থীদের উক্ত আবেদন ফরম পূরণ করে প্রাথমিক আবেদন ফি বাবদ ৩০০/- (তিনশত) টাকা সংশ্লিষ্ট কলেজে ২৪ আগস্ট ২০১৯ তারিখের মধ্যে অবশ্যই জমা দিতে হবে। ২য় পর্যায়ে প্রাথমিক আবেদনকারীদের মেধা তালিকায় স্থান পেতে তাদের অবশ্যই ২৫ ও ২৬ আগস্ট ২০১৯ তারিখের মধ্যে ২য় ও সর্বশেষ রিলিজ স্লিপের মাধ্যমে অনলাইনে আবেদন করতে হবে। এছাড়াও ১ম পর্যায়ের আবেদনকারীদের মধ্যে যাদের প্রাথমিক আবেদন নিশ্চয়ন হয়েছে কিন্তু মেধা তালিকায় স্থান পায়নি সে সকল প্রার্থীরাও ২য় ও সর্বশেষ রিলিজ স্লিপে আবেদন করতে পারবে। ভর্তি সংক্রান্ত বিস্তারিত তথ্য জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট (www.nu.ac.bd/admissions) এ প্রদর্শিত ভর্তি নির্দেশিকা থেকে জানা যাবে।

**২০১৯-২০২০ শিক্ষাবর্ষে মাস্টার্স (প্রফেশনাল) ভর্তি কার্যক্রম নিম্নোক্ত সময়সূচি অনুযায়ী সম্পন্ন করতে হবে**

| ক্রমিক | বিবরণ | তারিখ |
|---|---|---|
| ১। | **অনলাইনে ২য় পর্যায়ের প্রাথমিক আবেদন ফরম পূরণের তারিখ:**<br>আবেদনকারীকে নির্দিষ্ট ওয়েবসাইটের (www.nu.ac.bd/admissions) **Master's Tab**-এ গিয়ে এমএসসি ইন কম্পিউটার সায়েন্স কোর্সের ক্ষেত্রে **Apply Now (Masters prof.)** অপশনে ও অন্যান্য কোর্সের ক্ষেত্রে **Blank** Data Entry (Masters prof.) অপশনে ক্লিক করতে হবে এবং ওয়েবসাইটে প্রদর্শিত তথ্য ছকে সংশ্লিষ্ট স্নাতক পর্যায়ে পরীক্ষার রোল নম্বর, বিশ্ববিদ্যালয়ের নাম, পাসের সন, পঠিত কোর্স/বিষয়, ব্যক্তিগত মোবাইল নম্বর ও ই-মেইল নম্বর সঠিকভাবে এন্ট্রি দিতে হবে। | ২০/০৮/২০১৯ থেকে ২২/০৮/২০১৯ |
| ২। | **সংশ্লিষ্ট কলেজে প্রাথমিক আবেদন ফরম জমা দেয়ার তারিখ:**<br>প্রার্থীকে প্রিন্ট করা প্রাথমিক আবেদন ফরমটির নির্ধারিত স্থানে স্বাক্ষর করে আবেদন ফি বাবদ ৩০০/- (তিনশত) টাকাসহ সংশ্লিষ্ট কলেজে আবেদন ফরম জমা দিতে হবে। | ২০/০৮/২০১৯ থেকে ২৪/০৮/২০১৯ |
| ৩। | **প্রাথমিক আবেদনকারীদের ফরম সংশ্লিষ্ট কলেজ কর্তৃক নিশ্চয়ন করার তারিখ:**<br>সংশ্লিষ্ট কলেজকে অবশ্যই শিক্ষার্থীর প্রাথমিক আবেদন ফরমে প্রদর্শিত ছবিসহ সকল তথ্য যাচাই করে অনলাইনে আবেদন ফরম নিশ্চয়ন করতে হবে। ভুল তথ্য ও ছবিসহ প্রাথমিক আবেদন ফরম নিশ্চয়ন করা হলে শিক্ষার্থীর ভর্তি বাতিল করা হবে। | ২০/০৮/২০১৯ থেকে ২৪/০৮/২০১৯ |
| ৪। | **সংশ্লিষ্ট কলেজ কর্তৃক প্রাথমিক আবেদন ফি সোনালী ব্যাংক শাখায় জমা দেয়ার তারিখ:**<br>সংশ্লিষ্ট কলেজকে প্রাথমিক আবেদন ফি'র জাতীয় বিশ্ববিদ্যালয়ের নির্ধারিত অংশ [প্রতি আবেদনকারী থেকে ২০০/- (দুইশত) টাকা হারে] যে কোন সোনালী ব্যাংক শাখায় জমা দিতে হবে। এ লক্ষ্যে সংশ্লিষ্ট কলেজ Login এর মাধ্যমে Application Payment Info (Master's prof.) অপশনে ক্লিক করে College Payment অপশনে ক্লিক করে Pay Slip ডাউনলোড করবে। Pay Slip এ মোট টাকার অংক লেখা থাকবে এবং এর প্রিন্ট কপি নিয়ে নিকটস্থ 'সোনালী ব্যাংক' এর যে কোন শাখায় জমা দিয়ে রশিদ সংগ্রহ করতে হবে। | ২৫/০৮/২০১৯ থেকে ২৭/০৮/২০১৯ |
| ৫। | **২০১৯-২০২০ সালের মাস্টার্স (প্রফেশনাল) ভর্তি কার্যক্রমে ২য় ও সর্বশেষ রিলিজ স্লিপে অনলাইন আবেদনের তারিখ:**<br>রিলিজ স্লিপে আবেদনের জন্য আবেদনকারীকে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি বিষয়ক ওয়েবসাইটে (www.nu.ac.bd/admissions) **Applicant Login** অপশন সিলেক্ট করে **Masters (Prof.) Login** অপশনে ক্লিক করতে হবে এবং ওয়েবসাইটে প্রদর্শিত তথ্য ছকে প্রার্থীর রোল নম্বর ও পিন সঠিকভাবে এন্ট্রি দিতে হবে।<br>♦ **রিলিজ স্লিপের আবেদন সংশ্লিষ্ট কলেজে জমা দিতে হবে না এবং আবেদনকারীকে কোন ফি প্রদান করতে হবে না।**<br>♦ **রিলিজ স্লিপের আবেদন সংশ্লিষ্ট কলেজ কর্তৃক অনলাইনে নিশ্চয়ন করতে হবে না।** | ২৫/০৮/২০১৯ থেকে ২৬/০৮/২০১৯ |

(প্রফেসর ড. মোঃ আনোয়ার হোসেন)
ডিন (ভারপ্রাপ্ত)
স্নাতকোত্তর শিক্ষা, প্রশিক্ষণ ও গবেষণা কেন্দ্র
জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর-১৭০৪
ফোন : ৯২৯১০৭৪, ৯২৯২০৮৪
ই-মেইল- pgdeanoffice@gmail.com

স্মারক নং- ১৬(৭৬৯)জাতীঃবিঃ/রেজিঃ/অ্যাকা:/প্রফেশনাল ভর্তি/২০১৯-২০২০/ ৪৪৮৭

তারিখ ঃ১৮/০৮/২০১৯

অনুলিপি:

১। পরিচালক, তথ্য ও প্রযুক্তি (আইসিটি) দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয় (ওয়েবসাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ করা হলো)
২। পরিচালক (ভারপ্রাপ্ত), অর্থ ও হিসাব, জাতীয় বিশ্ববিদ্যালয়
৩। পরিচালক (ভারপ্রাপ্ত) জনসংযোগ, তথ্য ও পরামর্শ দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয় *(কল সেন্টার, ইলেকট্রনিক মিডিয়া ও দৈনিক পত্রিকায় প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ করা হলো)*
৪। সচিব, ভর্তি ও রেজিস্ট্রেশন সেল, জাতীয় বিশ্ববিদ্যালয়
৫। সিনিয়র সিস্টেম এনালিস্ট, ভর্তি ও রেজিস্ট্রেশন সেল, জাতীয় বিশ্ববিদ্যালয়
৬। সচিব, ভাইস-চ্যান্সেলরের দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়
৭। সহকারী রেজিস্ট্রার, প্রো-ভাইস চ্যান্সেলরের দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়
৮। অফিস কপি

উপ-রেজিস্ট্রার (মাস্টার্স প্রফেশনাল)
স্নাতকোত্তর শিক্ষা, প্রশিক্ষণ ও গবেষণা কেন্দ্র
জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর-১৭০৪